# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

গাজীপুর

স্মারক নং-(০-৫) জাতী ঃ বিঃ/পরী ঃ/প্রফেঃ/বিএফএ/২০১৫/১১৪/২৯৪৮ (৩)    তারিখ ঃ ১৬/১১/২০২১

## ২০২০ সালের বিএফএ (প্রি) ডিগ্রী পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০ সালের বিএফএ (প্রি) ডিগ্রী পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী সম্পন্ন করা হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদনফরম পূরণ, ফি জমাদানের তারিখ, নিয়মাবলী ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

### ১। পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন বিবরণী ফরম পূরণ ও Pay Slip জমা করার তারিখ ঃ

ক) পরীক্ষার্থী কর্তৃক আবেদনফরম পূরণের তারিখ ঃ ২২/১১/২০২১ হতে ০৮/১২/২০২১ পর্যন্ত

খ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ০৮/১২/২০২১ হতে ০৯/১২/২০২১ পর্যন্ত

গ) Pay Slip, শিক্ষার্থী বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় জমার তারিখ ঃ ১২/১২/২০২১

### ২। পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি) ঃ

ক) তত্ত্বীয় পত্র (নিয়মিত/অনিয়মিত/ মানোন্নয়ন পরীক্ষার্থী ঃ ৮০০/-

খ) ব্যবহারিক পরীক্ষার ফি ঃ ১,৭০০/-

গ) নম্বরপত্র ফি ঃ ৩০০/-

ঘ) কেন্দ্র ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে না) ঃ ৫০০/-

বিঃদ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে সকল শিক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে এবং এর পরে কোন আবেদনই গৃহীত হবে না বা বিলম্ব ফি দিয়ে ফরম পূরণ করা যাবে না।

### ৩। পরীক্ষায় যারা অংশগ্রহণ করতে পারবে :

| পরীক্ষার নাম | শিক্ষাবর্ষ | | শর্তাবলী |
|---|---|---|---|
| | নিয়মিত | অনিয়মিত/মানোন্নয়ন | |
| বিএফএ(প্রি) ডিগ্রী পরীক্ষা'২০২০ | ২০১৮-২০১৯ | ২০১৭-২০১৮ | ১। উক্ত শিক্ষা বর্ষের বাইরে কেউ ফরম পূরণ করতে পারবে না।<br>২। ২০১৯ সালের বিএফএ (প্রি) ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে শুধুমাত্র তারাই ২০২০ সালের বিএফএ (প্রি) ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |

### ৪। পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী :

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত বিএফএ(প্রি) ডিগ্রি কোর্সের রেগুলেশন এবং পাঠ্যসূচী অনুযায়ী উপরিউক্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

### ৫। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.acbd.info/Prof) **form Fill-up** এ গিয়ে **Apply to online form Fill-up (For Student)** লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

ঘ) যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী নিজেই বা কলেজ কর্তৃপক্ষ ২৮/১১/২০২১ তারিখের মধ্যে সরাসরি জানাতে হবে।

ঙ) সকল শিক্ষার্থীর সেশনাল নম্বর অনলাইনে এন্ট্রি করতে হবে।এ সংক্রান্ত নিয়মাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.nubd.info/Prof) পাওয়া যাবে। যে সকল পরীক্ষার্থীর সেশনাল নম্বর পাওয়া যাবে না তারা ফরম পূরণ করতে পারবে না।

### ৬। অনলাইনে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি (কলেজের জন্য) ঃ

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/prof)-এ গিয়ে College Log in (For College Authority) এ প্রবেশ করে College Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট বের করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন। উল্লেখ্য **Incourse** নম্বর ছাড়া ফরম পূরণ নিশ্চয়ন হবে না (মানোন্নয়ন পরীক্ষার্থী ব্যতিত)।

খ) মান উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন পরীক্ষা দিতে ইচ্ছুক সে গুলির বিষয় কোড এন্ট্রি করতে হবে।

গ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

ঘ) শিক্ষার্থীর ডাটা সফটওয়ারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা Online এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঙ) কলেজের সকল শিক্ষার্থীর ডাটা পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ওয়েব-সাইট থেকে Print করতে হবে এবং যথানিয়মে পরীক্ষার্থী বিবরণী, ফি বিবরণী বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

চ) যদি কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয় (আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফল প্রকাশের পর এক বছর পর্যন্ত) তবে তা সরবরাহ করতে হবে।

ছ) বিবরণী ফরম পূরণের পর কোন পরীক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য পরীক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে। ফরম জমা দানের পর এ ধরনের কোন আপত্তি গ্রহণ করা হবে না।

**৭। বিবরণী ফরম ও ফি জমা দেওয়ার নিয়মাবলী :**

ক) বিবরণী ফরম অনলাইন থেকে প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিটি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

খ) পরীক্ষার্থীদের ফি পূর্বের মত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ডিডি করার পরিবর্তে **"সোনালী সেবা"** এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।

ঙ) সংশ্লিষ্ট কলেজ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd) সোনালী সেবা Link থেকে Log in করে Pay Slip ডাউনলোড করতে হবে।

চ) Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংশ লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকে যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঙ) **Pay Slip** সংগ্রহরে জন্য **০৮/১২/২০২১** তারিখ সকাল ১১:০০ টা হতে **০৯/১২/২০২১** তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না।

চ) ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

**৮। সেশনাল নম্বর শাখায় জমা দেয়ার নিয়মাবলী :**

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রফেশনাল এর দপ্তরে বিবরণী ফরম জমা দেয়ার সময় সেশনাল নম্বরের প্রিন্ট কপি হাতে হাতে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

**০৯। পরীক্ষা পরিচালনা:**

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ২৫% দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করবে। অবশিষ্ট ৭৫% অর্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করতে হবে।

১০। উক্ত পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে ০১৭১২১৫৯২১৮ নম্বরে যোগাযোগ করা যাবে।

**পরীক্ষার সময়সূচী ও অন্যান্য যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে জানা যাবে।**

১৬/১১/২১
(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়,গাজীপুর-১৭০৪
ফোন ঃ ৯২৯১০১৭, E-mail-controller@nu.ac.bd

স্মারক নং(০- ৫) জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বিএফ/২০১৫/১১৪/২৯৪৮ তারিখ ঃ ১৬/১১/২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। ডীন, স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষনা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। রেজিস্ট্রার,জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, তথ্য প্রযুক্তি ( আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়।
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো- ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৬। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
৭। অধ্যক্ষ ..........................................................................
৮। অফিস কপি।

(অসিত কুমার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ঃ ৯২৯১০৬৩